

রাজবাড়ীর পাংশা উপজেলা বিএনপির সভাপতি চাঁদ আলী খানকে দলীয় শৃঙ্খলাভঙ্গের অভিযোগে পদ থেকে সাময়িক অব্যাহতি দেওয়া হয়েছে। গত শুক্রবার রাতে জেলা বিএনপির সিদ্ধান্ত অনুযায়ী, দলের নির্দেশনা অমান্য করে শৃঙ্খলা ভঙ্গের কারণে তাঁকে এই পদ থেকে সরানো হয়েছে। তাঁর স্থলে সিনিয়র সহসভাপতি শাহাবুদ্দিন আহমদকে পাংশা উপজেলা বিএনপির নতুন সভাপতি হিসেবে দায়িত্ব দেওয়া হয়েছে।

রাজবাড়ী জেলা বিএনপির আহ্বায়ক লিয়াকত আলী বলেন, দলীয় প্রধান গ্রেপ্তার বা আটক হলে নিয়ম অনুযায়ী সাময়িকভাবে অন্য কাউকে দায়িত্ব দেওয়া হয়।

প্রসঙ্গত, গত বৃহস্পতিবার ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের রাজবাড়ী জেলা কার্যালয়ে গণশুনানির সময় চাঁদ আলী খানসহ বিএনপির কয়েকজন নেতা-কর্মীর বিরুদ্ধে সহকারী পরিচালক কাজী রকিবুল হাসান ও অফিস সহকারী সবুজ হোসেনকে মারধর ও লাঞ্ছিত করার অভিযোগ ওঠে। এ ঘটনায় রাজবাড়ী সদর থানা পুলিশ ও সেনাবাহিনী সদস্যরা চাঁদ আলী খানসহ ছয়জনকে গ্রেপ্তার করে।

পুলিশ ও ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের সহকারী পরিচালক বাদী হয়ে রাজবাড়ী সদর থানায় মামলা দায়ের করেন। গ্রেপ্তারকৃতরা পরবর্তীতে জামিনে মুক্তি পান।

---

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 28 June, 2025 19:17

URL: <https://www.timestodaybd.com/politics/3826726810>